



মর্যাদাপূর্ণ স্বাধীনতা দিবস উদযাপনে দেশবাসীর প্রতি আহ্বান জামায়াত আমিরের



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

ডা. শফিকুর রহমান মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের আহ্বান জানিয়েছেন। মঙ্গলবার এক বিবৃতিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী-র আমির এ আহ্বান জানান।

তিনি বলেন, ১৯৭১ সালের ২৬ মার্চ গণতন্ত্র, ন্যায়বিচার, মানবাধিকার ও সাম্যের লক্ষ্যে মুক্তিযুদ্ধ শুরু হয়েছিল এবং অসংখ্য প্রাণের বিনিময়ে দেশ স্বাধীনতা অর্জন করে। তবু বহু জাতীয় প্রত্যাশা এখনও অপূর্ণ।

তিনি আরও বলেন, ২০২৪ সালের গণআন্দোলনের পর দেশে নতুন রাজনৈতিক পরিবেশ তৈরি হয়েছে। জনগণের আশা, আর স্বৈরশাসনের পুনরাবৃত্তি হবে না; মানুষ ভয়মুক্তভাবে চলাফেরা ও মতপ্রকাশ করতে পারবে। দুর্নীতি, দখলদারিত্ব ও বৈষম্যমুক্ত রাষ্ট্র গড়ে তুলে সবার নিরাপত্তা ও সমঅধিকার নিশ্চিত করতে হবে।

জুলাই জাতীয় সনদ ২০২৫ বাস্তবায়নে রাজনৈতিক অঙ্গীকার ও গণভোটের সমর্থন থাকা সত্ত্বেও অগ্রগতি ধীর—এ অবস্থায় দ্রুত কার্যকর উদ্যোগ নেওয়ার আহ্বান জানান তিনি। স্বাধীনতা দিবসে তিনি বীর মুক্তিযোদ্ধা, শহীদ ও আহতদের প্রতি শ্রদ্ধা জানান, পরিবারগুলোর প্রতি সমবেদনা প্রকাশ করেন এবং দেশের শান্তি, সমৃদ্ধি ও সার্বভৌমত্ব কামনা করেন।